তারিখ ... 26 JUL 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

যুগান্তর

# তারেক রহমানের সাজায় ১০০১ শিক্ষকের উদ্বেগ

যুগান্তর রিপোর্ট

নিম্ন আদালত থেকে বেকসুর খালাসপ্রাপ্ত বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানকে মুদ্রা পাচার মামলায় হাইকোর্ট সাজা দেয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বিবৃতি দিয়েছেন দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১০০১ শিক্ষক। সোমবার এক যুক্ত বিবৃতিতে শিক্ষকরা বলেন, বর্তমানে বাংলাদেশ এক গভীর রাজনৈতিক ক্রান্তিকাল অতিক্রম করছে এবং সর্বক্ষেত্রে স্বাভাবিক গণতান্ত্রিক পরিবেশের অচলায়তন সৃষ্টি হয়েছে। এমনি এক পরিস্থিতিতে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া যখন দলমত নির্বিশেষে জাতীয় ঐক্যের ডাক দিচ্ছেন ঠিক সেই মুহূর্তে তারেক রহমানের এ সাজা জাতীয় ঐক্যে বাধা হিসেবে কাজ করবে বলে আমরা মনে করি। বিবৃতিতে স্বাক্ষর করেছেন— ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রোভিসি অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার, ঢাবির সাদা দলের সাবেক আহ্বায়ক অধ্যাপক ড. সদরুল আমিন, সাবেক সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. তাজমেরী এস এ ইসলাম, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সাবেক চেয়ারম্যান প্রফেসর ড. জেডএন তাহমিদা বেগম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ড. খন্দকার মুস্তাহিদুর রহমান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর ড. সিদ্দিক আহমেদ চৌধুরী প্রমুখ।